দৈনিক ইত্তেফাক

তারিখ ...28 JAN 1991 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৭ ...

3

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি

সাম্প্রতিক গণআন্দোলনের সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের বেশ কিছু শূন্যপদ বিভিন্ন সংবাদপত্রে বিজ্ঞাপিত হয়। সে সময় অনেকেই সেই সকল বিজ্ঞাপন খেয়ালই করেন নাই। তাই বহু নাগরিক দরখাস্ত করিতে পারেন নাই। অনেক ক্ষেত্রে সময়ও দেওয়া ছিল কম। দুঃখের বিষয়, বাস্তব দিক বিবেচনায় না আনিয়া উক্ত বিজ্ঞাপিত পদসমূহের ইন্টারভিউ নেওয়ার ব্যবস্থা গ্রহণ করা হইতেছে এবং কোন কোন পদের ইন্টারভিউ ইতিমধ্যে নেওয়া হইয়াছে। বলা বাহুল্য, এটা কোনমতেই নৈতিক দিক দিয়া সমর্থনযোগ্য নয়। অনেকে যাহাতে দরখাস্ত করিতে না পারেন সেইজন্য এমন পদক্ষেপ নওয়া হইয়াছিল একথা বলার সুযোগ রহিয়াছে।

এমতাবস্থায় সঙ্গত কারণেই আমরা আশা করি যে, ন্যায় বিচারের স্বার্থে গণআন্দোলনের সময় যে সকল পদ বিজ্ঞাপিত হইয়াছিল সেগুলি পুনরায় বিজ্ঞাপিত করার ব্যবস্থা ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ করিবেন।

—আহমদ সোবহান, নাখালপাড়া, ঢাকা।